দৈনিক বাংলা

তারিখ ৭/৮/৮০
পৃষ্ঠা ........ কলাম ........



# ঢাকায় নয়া মার্কিন রাষ্ট্রদূত

বাংলাদেশে নবনিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মিসেস জেন অ্যাবেল কুন বৃহস্পতিবার ঢাকায় এসে পৌঁছেছেন।

বিমান বন্দরে পৌঁছে রাষ্ট্রদূত কুন এক বিবৃতিতে বলেন, প্রেসিডেন্ট রিগান কর্তৃক বাংলাদেশে যুক্তরাষ্ট্রের প্রতিনিধিত্ব করতে আদিষ্ট হয়ে তিনি গভীরভাবে সম্মানিত বোধ করছেন। তিনি

(শেষ পৃঃ ৭ কঃ)



বাংলাদেশে নবনিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত মিসেস জেন আবেল কুন বৃহস্পতিবার কাঠমন্ডু থেকে ঢাকায় এসে পৌঁছলে বাংলাদেশ সরকারের চীফ অব প্রোটোকল জনাব খায়রুল আনাম কুমিটেলা আন্তর্জাতিক বিমান বন্দরে তাঁকে অভ্যর্থনা জানান। ছবিতে মার্কিন চার্জ দ্য এফেয়ার্স মিঃ জে হেবলকেও দেখা যাচ্ছে।

## মার্কিন রাষ্ট্রদূত

(প্রথম পৃঃ পর)

বলেন, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্র অনেক আদর্শের সমভাগী। দুটি দেশই জাতীয় স্বাধীনতা, গণতন্ত্র ও সকল দেশকে শান্তি ও স্বাধীনতার মধ্যে বসবাস করতে দেয় এমন একটা বিশ্ব ব্যবস্থা কায়েমে নিবেদিত রয়েছে।

মিসেস কুন বলেন, অর্থনৈতিক উন্নয়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতির জন্য বাংলাদেশ যুক্তরাষ্ট্রে প্রশংসিত হয়েছে। আপনাদের সাংবিধানিক প্রতিষ্ঠানগুলো এক্ষেত্রে বিপুল অবদান রেখেছে। সাধারণ মানুষের জন্য একটা উন্নততর জীবন ব্যবস্থা প্রদানে আপনাদের প্রচেষ্টার সঙ্গে সামিল হতে পেরে আমরা গর্বিত। আমরা এই সম্প্রীতি অব্যাহত রাখতে ও জোরদার করতে চাই। খবর বাসসের।